গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০
www.dgt.gov.bd

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৪.১১.০৪৮.১৬-২৩২/১৮৩৮ তারিখ: ০৮/০৮/২০১৭

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন সরকারি যানবাহন অধিদপ্তরের রাজস্ব খাতে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে (অস্থায়ীভাবে) যোগ্য প্রার্থীদের মধ্য হতে পূরণ করার জন্য বাংলাদেশের সকল জেলার প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে অনলাইন এ আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
১।	গাড়িচালক	২৮০ (দুইশত আশি) টি	৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫	(ক) ৮ম শ্রেণি পাশ। (খ) হালকা ও ভারী গাড়ি চালানোর বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। (গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	স্পীডবোট চালক	২৭ (সাতাইশ) টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	স্পীডবোট চালনায় ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৭ (সাত) টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার মুদ্রাক্ষর: প্রতি মিনিটে কমপক্ষে বাংলা ২০, ইংরেজি ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে।
৪।	হিসাব সহকারী	৪ (চার) টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	(ক) স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ। (খ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫।	ডেসপাচ রাইডার	১৫ (পনের) টি	৮৮০০-২১৩১০/- গ্রেড-১৮	(ক) দশম শ্রেণি পর্যন্ত লেখাপড়া। (খ) মটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

<u>নিয়োগের শর্তাবলিঃ-</u>

১) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান/ কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

২) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৮/০৮/২০১৭ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যাদের বয়স ৩০ বৎসর হতে হবে। তবে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়স সীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অনলাইনে দরখাস্ত দাখিলের সময় স্ব-স্ব কর্তৃপক্ষের নিকট থেকে চাকুরিতে আবেদন করার জন্য ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল ছাড়পত্র প্রদর্শন করতে হবে।

৪) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৫) স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্র বা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনারের সনদপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ও অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৬) আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকুরি করতে বাধ্য থাকবেন।

৭) এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

৮) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯) **<u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি/ শর্তাবলি:-</u>**

(ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থী **http://dgt.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০/০৮/২০১৭ তারিখ সকাল ১০:০০ টা থেকে।

ii. Online এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২৮/০৮/২০১৭ তারিখ বিকাল ০৫:০০ টা।

iii) নির্ধারিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার (অর্থাৎ ৩১/০৮/২০১৭ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত) মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online- এ আবেদনপত্র Submit – করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে নিজের কাছে সংরক্ষণ করবেন।

(ঙ) গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদে আবেদনকারীগণকে অবশ্যই অনলাইনে আবেদন করার সময় ড্রাইভিং লাইসেন্স এর Information দিতে হবে। অন্যথায় গাড়িচালক ও ডেসপাচ রাইডার পদের আবেদন চূড়ান্তভাবে বিবেচনা করা হবে না।

(চ) **পরীক্ষা ফি জমা প্রদান ও SMS প্রেরণের নিয়মাবলীঃ** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং উক্তUser ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৪ ক্রমিকের পদের জন্য ১০০/- টাকা ও ৫ নং পদের জন্য ৫০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য,"Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : DGT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGT ABCDEF

Reply: Applicant's Name, Tk, 100/50 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type DGT<Space> Yes<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS : DGT <Space> Yes<Space> PIN and send to 16222 নম্বরে।

Example: DGT Yes *XXXXXXX*

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGT *Application for XXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).*

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dgt.teletalk.com.bd** অথবা **www.dgt.gov.bd** এর ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online- এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।

(জ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/ মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবংPIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DGT <space>Help<space> User<space> User ID & Send to 16222
Example: DGT HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে DGT <space>Help<space>PIN <space> PIN No & Send to 16222
Example: DGT HELP PIN 1234567.

১০) Online- এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবইল থেকে ১২১ এ কল করুন অথবা টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন। এছাড়াও vas.query@teletalk.com.bdই-মেইলে যোগাযোগ করা যাবে।

১১) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) এই বিজ্ঞপ্তিটি সরকারি যানবাহন অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইট (www.dgt.gov.bd) এ পাওয়া যাবে।

(মোঃ জয়নাল আবেদীন)
যুগ্মসচিব
পরিচালক (সড়ক)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি